

## জীবন বিজয় প্ল্যান - সাধারণ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### ১. এলআইসি-এর "জীবন বিজয়" কি ধরনের বীমা পরিকল্পনা?

জীবন বিজয় হল এলআইসি বাংলাদেশ-এর একটি স্বল্প মেয়াদী মানি ব্যাক প্ল্যান। এটি শুধু জীবন বীমা সুরক্ষা দেয় না, একই সঙ্গে আর্থিক সঞ্চয় ও মুনাফাও নিশ্চিত করে। যারা সুরক্ষা ও সঞ্চয়—দুটোই একসঙ্গে চাচ্ছেন, তাদের জন্য এটি হবে দারুণ একটি পলিসি।

### ২. এই পলিসিতে বীমা অঙ্ক (সাম্যাসিওরড) কত থেকে কত হতে পারে?

- সর্বনিম্ন: ১,০০,০০০ টাকা
- সর্বোচ্চ: কোনো নির্দিষ্ট সীমা নেই

### ৩. পলিসির মেয়াদ কতদিনের হতে পারে?

- রেগুলার প্রিমিয়াম: ৬, ৯ বা ১২ বছর
- সিঙ্গেল প্রিমিয়াম: শুধুমাত্র ৫ বছরের জন্য

### ৪. এই পলিসিটি কারা নিতে পারবেন?

সর্বনিম্ন বয়স:


- ১৮ বছর (পূর্ণ)

সর্বোচ্চ বয়স (মেয়াদ অনুযায়ী ও নিকটতম জন্মদিন অনুসারে):

- ৫ বছর মেয়াদে: সর্বোচ্চ ৬৫ বছর
- ৬ বছর মেয়াদে: সর্বোচ্চ ৬৪ বছর
- ৯ বছর মেয়াদে: সর্বোচ্চ ৬১ বছর
- ১২ বছর মেয়াদে: সর্বোচ্চ ৫৮ বছর

### ৫. এই পলিসিতে গ্রাহক কত বছর পর্যন্ত বীমা সুবিধা উপলব্ধ করতে পারবেন?

সর্বোচ্চ ৭০ বছর বয়স পর্যন্ত গ্রাহক বীমা সুবিধা নিতে পারবেন।



### ৬. প্রিমিয়াম কিভাবে পরিশোধ করতে হবে?

- সিঙ্গেল প্রিমিয়াম: এককালীন (৫ বছরের মেয়াদের জন্য)
- রেগুলার প্রিমিয়াম: বার্ষিক, অর্ধ-বার্ষিক, ত্রৈমাসিক অথবা মাসিক

### ৭. এই পলিসির সঙ্গে অতিরিক্ত সুবিধা (রাইডার) নেওয়া যাবে কি?

হ্যাঁ, - এলআইসি বাংলাদেশ এর সব রাইডার (যেমন দুর্ঘটনাজনিত বীমা দাবী, গুরুতর অসুস্থতা, হসপিটাল ক্যাশ বেনিফিট ইত্যাদি) সম্পর্কে প্রদান সাপেক্ষে এই পলিসির সঙ্গে যুক্ত করা যাবে।

### ৮. পলিসি এর অন্যান্য সুবিধাগুলো (পেইড-আপ, সারেন্ডার বা লোন) কখন থেকে পাওয়া যায়?

কমপক্ষে ২ বছর নিয়মিত প্রিমিয়াম দিলে, এই সুবিধাগুলো প্রযোজ্য হয়।

### ৯. যদি পলিসি বন্ধ হয়ে যায়, তাহলে কি আবার চালু করা যাবে?

জিঁ অবশ্যই, পলিসির প্রথম অপরিশোধিত প্রিমিয়াম প্রদানের ২ বছরের মধ্যে পুনরায় চালু করা সম্ভব।

**১০. যদি বেশি অঙ্কের বীমা নেওয়া হয়, তাহলে কি কোনো ছাড় (রিবেট) পাওয়া যায়?**

হ্যাঁ, বেশি বীমা অঙ্ক নিলে প্রিমিয়ামে ছাড় প্রযোজ্য:

- ২ লাখ-৮.৯৫ লাখ: প্রতি ১০০০ টাকায় ১.৫ টাকা রিবেট
- ৫ লাখ-৯.৯৫ লাখ: প্রতি ১০০০ টাকায় ২.৫ টাকা রিবেট
- ১০ লাখ বা তার বেশি: প্রতি ১০০০ টাকায় ৩ টাকা রিবেট
- ২ লাখের নিচে কোনো রিবেট নেই

**১১. যদি বার্ষিক ছাড়া অন্য মোডে প্রিমিয়াম দেওয়া হয়, তাহলে কি অতিরিক্ত চার্জ দিতে হবে?**

হ্যাঁ, কিছু অতিরিক্ত চার্জ প্রযোজ্য:

- অর্ধ-বার্ষিক: ১%
- ত্রৈমাসিক: ১.৫%
- মাসিক: ২%

**১২. এই পলিসিতে জীবিত থাকা অবস্থায় পলিসি মেয়াদপূর্তির আগে (সারভাইভাল বেনিফিট) কী কী সুবিধা পাওয়া যায়?**

সিঙ্গেল প্রিমিয়াম (৫ বছর):

- প্রতি বছর শেষে পরবর্তী ৪ বছর মোট বীমা অঙ্কের ১০% করে

রেগুলার প্রিমিয়াম:

- ৬ বছরের প্ল্যান: ২য় ও ৪র্থ বছরে বীমা অংকের ২৫% করে
- ৯ বছরের প্ল্যান: ৩য় ও ৬ষ্ঠ বছরে বীমা অংকের ২৫% করে
- ১২ বছরের প্ল্যান: ৪র্থ ও ৮ম বছরে বীমা অংকের ২৫% করে

**১৩. পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে পলিসি ধারীর মৃত্যু হলে কী হবে?**

এই অবস্থায় মনোনীত ব্যক্তি (নমিনী) পুরো বীমা অঙ্ক এবং যেকোনো অর্জিত বোনাস (যদি থাকে) পাবেন।

এই পরিকল্পনার একটি আকর্ষণীয় সুবিধা হলো পরিশোধিত সারভাইভাল বেনিফিটের টাকা না কেটে মৃত্যু দাবী প্রদান।

**১৪. পলিসির মেয়াদ শেষে (ম্যাচুরিটি বেনিফিট) কী পাওয়া যায়?**

- রেগুলার প্রিমিয়াম: মোট বীমা অঙ্কের ৫০% + অর্জিত বোনাস
- সিঙ্গেল প্রিমিয়াম: মোট বীমা অঙ্কের ৬০% + অর্জিত বোনাস